

Tomar Baire lyrics in Bengali

তোমার বাইরে আমার কোনো স্বপ্ন নেই
তোমার বাইরে আমার কোনো ইচ্ছে নেই...
তোমার বাইরে প্রথম দ্বিতীয় তৃতীয় নেই
তোমার বাইরে শেষ বলেও কিছু নেই..

গান নেই কবিতা নেই
এমন কোনো কথা নেই,
তোমার বাইরে আমার কোনো কষ্ট নেই.....
তোমার বাইরে আমার কোনো কষ্ট নেই.....

হাতের মুঠোয় শক্তি নেই
খোলা আকাশ মুক্তি নেই
চিঠি লেখার মানুষ নেই
কোথাও যাবো গন্তব্য নেই

হাতের মুঠোয় শক্তি নেই
খোলা আকাশ মুক্তি নেই
চিঠি লেখার মানুষ নেই
কোথাও যাবো গন্তব্য নেই

তোমার বাইরে আমার কোনো আমি নেই
তোমার বাইরে আমার কোনো কষ্ট নেই....

পেছন থেকে ডাক নেই
ভালোবাসায় ভাগ নেই
দেহের কোথাও বয়স নেই
ক্লান্ত হবার সাহস নেই

পেছন থেকে ডাক নেই
ভালোবাসায় ভাগ নেই
দেহের কোথাও বয়স নেই
ক্লান্ত হবার সাহস নেই

তোমার বাইরে আমার কোনো বিশ্ব নেই...

তোমার বাইরে আমার কোনো কষ্ট নেই ...
তোমার বাইরে আমার কোনো স্বপ্ন নেই
তোমার বাইরে আমার কোনো ইচ্ছে নেই...
তোমার বাইরে প্রথম দ্বিতীয় তৃতীয় নেই...
তোমার বাইরে শেষ বলেও কিছু নেই..

গান নেই কবিতা নেই
এমন কোনো কথা নেই
তোমার বাইরে আমার কোনো কষ্ট নেই....
তোমার বাইরে আমার কোনো কষ্ট নেই....
তোমার বাইরে আমার কোনো কষ্ট নেই....

Writeshengalin.in